## অধ্যায়-ষষ্ঠ

বাংলাদেশের নির্বাচন ব্যবস্থা

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১ ▸▸**

সপ্তম শ্রেণির শ্রেণিশিৰক জনাব আমজাদ সাহেব ক্লাস ক্যাপ্টেন নির্বাচিত করার কথা বললে অনেকেই ক্যাপ্টেন হওয়ার আগ্রহ প্রকাশ করে। শ্রেণিশিৰক একটি বাক্স বানিয়ে সকল শিৰার্থীকে তাদের পছন্দের প্রার্থীকে ভোট দেয়ার ব্যবস্থা করেন। ভোট গণনা শেষে ফরিদা ১ম, সাব্বির ২য় এবং নেহাল ৩য় স্থান অধিকার করার ঘোষণা দিলে শিৰার্থীরা করতালি দিয়ে তিন ক্যাপ্টেনকে অভিনন্দন জানায়। এরপর যারা প্রতিদ্বন্দ্বিতা করেছিল তারা একে অপরকে অভিবাদন জানায়।

ক. আধুনিক গণতন্ত্রের ভিত্তি কী?

খ. বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচন প্রক্রিয়া ব্যাখ্যা কর।

গ. আমজাদ সাহেবের ক্লাসের নির্বাচন প্রক্রিয়াটির ধরন ব্যাখ্যা কর।

ঘ.'প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের এ ধরনের আচরণ গণতান্ত্রিক ভিতকে মজবুত করে' বক্তব্যটি মুল্যায়ন কর।

**ক** আধুনিক গণতন্ত্রের ভিত্তি হলো নির্বাচন।

**খ** আমাদের দেশে রাষ্ট্রপতি নির্বাচনটি প্রত্যৰ নয়, পরোৰ পদ্ধতিতে হয়ে থাকে। দেশের প্রাপ্ত বয়স্ক সকল নাগরিকের ভোটের মাধ্যমে জাতীয় সংসদের সদস্যরা নির্বাচিত হন। আর জনগণের প্রত্যৰ ভোটে নির্বাচিত এই প্রতিনিধিরাই ভোট দিয়ে পাঁচ বছরের জন্য দেশের রাষ্ট্রপতি নির্বাচন করেন।

**গ** আমজাদ সাহেবের ক্লাসের নির্বাচন প্রক্রিয়াটি প্রত্যৰ নির্বাচন। প্রত্যৰ নির্বাচনের ৰেত্রে সরাসরি ভোটে প্রতিনিধি নির্বাচন করা হয়। বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচন, স্থানীয় সরকার নির্বাচন এ পদ্ধতিতে হয়ে থাকে। উদ্দীপকে শ্রেণিশিৰক আমজাদ সাহেব ক্লাস ক্যাপ্টেন নির্বাচিত করার কথা বললে অনেকেই ক্যাপ্টেন হওয়ার আগ্রহ প্রকাশ করে। কিন্তু একটি ক্লাসে ক্যাপ্টেন থাকবে তিনজন। তাই আমজাদ সাহেব একটি বাক্স বানিয়ে সকল শিৰার্থীকে তাদের পছন্দের প্রার্থীকে ভোট দেওয়ার ব্যবস্থা করেন। ছাত্রছাত্রীরা গোপন ব্যালটের মাধ্যমে তাদের পছন্দের প্রার্থীকে সরাসরি ভোট দেয়। যেহেতু এখানে ছাত্রছাত্রীরা সরাসরি ভোটের মাধ্যমে ক্যাপ্টেন নির্বাচিত করেছে, সেহেতু এটি প্রত্যৰ নির্বাচন। তাই বলা যায়, উদ্দীপকের আমজাদ সাহেবের ক্লাসের নির্বাচন প্রক্রিয়াটি ছিল প্রত্যৰ নির্বাচন।

**ঘ** "প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের এ ধরনের আচরণ গণতান্ত্রিক ভিতকে মজবুত করে। প্রশ্নোক্ত বক্তব্যটি যথার্থ। গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় নির্বাচন মতামত যাচাইয়ের উৎকৃষ্ট মাধ্যম। আর নির্বাচনের মাধ্যমেই প্রতিনিধি নির্বাচন করা হয় নির্বাচনে শুধু একপৰ থাকে না, থাকে দুইপৰ। এজন্য এখানে পরমতসহিষ্ণু হতে হয়। নির্বাচনে যেই জয়লাভ করবক; এ শাসন ব্যবস্থায় বিরোধী শক্তিকে তা সাদরে গ্রহণ করতে হয়। উদ্দীপকের আমজাদ সাহেব তাঁর শ্রেণিতে যে পদ্ধতিতে ক্যাপ্টেন নির্বাচন করেছেন, তার ফলে ছাত্রছাত্রীদের মধ্যে গণতান্ত্রিক মনোভাব দেখা দিয়েছে। সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে যারা নির্বাচিত হয়েছে তাদেরকে পরাজিত প্রার্থীরা সাদরে বরণ করে নিয়েছে। তারা সকলে শ্রেণির শৃঙ্খলা বজায় রাখার জন্য একযোগে কাজ করার, প্রতিজ্ঞাবদ্ধ হয়েছে। এটাই হলো গণতন্ত্রের মূল কথা। সুতরাং একবাক্যে বলা যায়, প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের এ ধরনের আচরণ গণতান্ত্রিক ভিতকে মজবুত করে।

**প্রশ্ন– ২ ▸▸**

রহিম সাহেব ইউনিয়ন পরিষদ নির্বাচনে সদস্যপদে অংশগ্রহণ করলেন। কিন্তু জনগণ স্বতঃস্ফূর্তভাবে লাইনে দাঁড়িয়ে ভোট দিয়ে রহিম সাহেবকে নির্বাচিত করলেন, অন্যদিকে করিম সাহেব মোটর সাইকেলের বিরাট মিছিল নিয়ে সদস্য পদে নির্বাচনের জন্য মনোনয়ন পত্র জমা দিতে যান। তাঁর পোস্টারে পোস্টারে এলাকায় দেওয়াল ছেয়ে গেছে।

ক. বাংলাদশের জাতীয় সংসদের নির্বাচনি এলাকা কয়টি?

খ. জেলা পরিষদের নির্বাচন পদ্ধতি ব্যাখ্যা কর।

গ. রহিম সাহেবের নির্বাচন পদ্ধতিটি কোন ধরনের ব্যাখ্যা কর।

ঘ."করিম সাহেবের আচরণ সুষ্ঠু নির্বাচনের পরিপন্থি"– বক্তব্যটি মূল্যায়ন কর।

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশের জাতীয় সংসদের নির্বাচনি এলাকা ৩০০টি।

**খ** একজন চেয়ারম্যান, ১৫ জন সদস্য ও সংরক্ষিত মহিলা আসনের পাঁচজন সদস্য নিয়ে জেলা পরিষদ গঠিত হয়। তাঁরা সকলে পরোক্ষ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত হয়ে থাকেন। জেলা পরিষদের অন্তর্গত সিটি কর্পোরেশন ও পৌরসভার মেয়র ও কাউন্সিলর এবং উপজেলা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের দ্বারা তাঁরা নির্বাচিত হন। জেলা পরিষদের কার্যকাল পাঁচ বছর।

**গ** উদ্দীপকে রহিম সাহেবের নির্বাচন পদ্ধতিটি হলো প্রত্যক্ষ নির্বাচন। নাগরিকরা যখন সরাসরি ভোট দিয়ে তাদের প্রতিনিধি নির্বাচন করে তখন তাকে প্রত্যক্ষ নির্বাচন বলা হয়। ইউনিয়ন পরিষদ হচ্ছে গ্রামভিত্তিক সরকার কাঠামো। এই পরিষদের মাধ্যমে জাতীয় পর্যায়ের সর্বনিম্ন স্তরের জাতীয় কর্মকাণ্ড পরিচালিত হয়। ইউনিয়নের অধিবাসীরা প্রত্যক্ষ ভোটের মাধ্যমে এই পরিষদের বিভিন্ন পদে নিজেদের পছন্দের প্রার্থীদের নির্বাচিত করে। উদ্দীপকে দেখা যায়, ইউনিয়ন পরিষদ নির্বাচনে জনগণ স্বতঃস্ফূর্তভাবে তাদের পছন্দের লোককে ভোট প্রদান করে নির্বাচিত করেছেন। তাই বলা যায়, তারা ইউনিয়ন পরিষদ নির্বাচনে সদস্য প্রার্থী রহিম সাহেবকে প্রত্যক্ষ ভোট দিয়ে নির্বাচিত করেছেন।

**ঘ** উদ্দীপকে করিম সাহেবের আচরণ সুষ্ঠু নির্বাচনের পরিপন্থি।– বক্তব্যটি যথার্থ। নির্বাচন কমিশনের একটি অন্যতম কাজ নির্বাচনি আচরণবিধি তৈরি করা। সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনা স্বার্থে এটি করা হয়। কারণ স্বাভাবিক ও শান্তিপূর্ণ আইন শৃঙ্খলা পরিস্থিতি অবাধ ও সুষ্ঠু নির্বাচনের পূর্বশর্ত। এ লক্ষ্যে নির্বাচন কমিশন নির্বাচনের সময় নাগরিকরা কী ধরনের আচরণ করবে তার একটি নীতিমালা তৈরি করে দেয়। একেই বলা হয় নির্বাচনি আচরণবিধি। মনোনয়ন পত্র জমা দেওয়ার সময় সমাবেশ বা মিছিল করা যাবে না। তাছাড়া মোটর সাইকেলে বা যানবাহনে মিছিল করা যাবে না। কিন্তু উদ্দীপকে করিম সাহেব নির্বাচনের আচরণবিধি লংঘন করে মোটর সাইকেলে মিছিল ও দেয়ালে পোস্টার লাগান। সুতরাং পাঠ্যপুস্তকের আলোকে আমরা বলতে পারি যে, করিম সাহেবের আচরণ সুষ্ঠু নির্বাচনের পরিপন্থি।

**প্রশ্ন– ১ ▸▸**

ফাহিমারা একটি ছোট গ্রামে বাস করে। আগামীকাল তাদের গ্রামে ইউনিয়ন পরিষদ নির্বাচন। এ উপলক্ষে উৎসবের আমেজ বিরাজ করছে। ফাহিমার বাবা-মা গ্রামের ভোটার। তারা মনস্থ করেছেন খুব সকালেই তারা ভোট প্রদান করবেন। সব নির্বাচনেই তারা ভোটাধিকার প্রয়োগ করেন। তবে রাষ্ট্রপতি নির্বাচনে তারা ভোট প্রদান করতে পারবেন না।

ক. নির্বাচন পদ্ধতি কয় ধরনের? ১
খ. প্রত্যক্ষ নির্বাচন বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. ফাহিমার বাবা-মা কোন নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ.বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচনে ফাহিমার বাবা-মা কেন ভোট দিতে পারবেন না? বিশ্লেষণ কর। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** নির্বাচন পদ্ধতি দুই ধরনের।

**খ** নাগরিকরা যখন সরাসরি ভোটে তাদের প্রতিনিধি নির্বাচন করে তখন তাকে প্রত্যক্ষ নির্বাচন বলা হয়। আমাদের দেশে জাতীয় সংসদের সদস্যরা প্রত্যক্ষ নির্বাচন পদ্ধতিতে নির্বাচিত হয়ে থাকেন। এছাড়া স্থানীয় সরকার যেমন ইউনিয়ন পরিষদের সদস্য ও চেয়ারম্যান, উপজেলা পরিষদের সদস্য ও চেয়ারম্যান, পৌরসভার কমিশনার ও চেয়ারম্যান এবং নগর কর্পোরেশনের কাউন্সিলর ও মেয়র জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হন।

**গ** ফাহিমার বাবা–মা প্রত্যক্ষ নির্বাচনে তাদের ভোটাধিকার প্রয়োগ করেন।
ইউনিয়ন পরিষদ হচ্ছে গ্রামভিত্তিক সরকার কাঠামো। এই পরিষদের মাধ্যমে জাতীয় পর্যায়ের সর্বনিম্ন স্তরের জাতীয় কর্মকাণ্ড পরিচালিত হয়। ইউনিয়নের অধিবাসীরা প্রত্যক্ষ ভোট প্রদানের মাধ্যমে এই পরিষদের বিভিন্ন পদে নিজেদের পছন্দের প্রার্থীদের নির্বাচনের সুযোগ পায়। উদ্দীপকে ফাহিমার বাবা–মা ইউনিয়ন পরিষদের নির্বাচনে সরাসরি তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। আর স্থানীয় সরকারের এ অংশটি প্রত্যক্ষ নির্বাচনের অন্যতম উদাহরণ। তাই বলা যায়, তারা প্রত্যক্ষ নির্বাচনে তাদের ভোটাধিকার প্রয়োগ করেন।

**ঘ** বাংলাদেশের নির্বাচন পদ্ধতি প্রধানত দুই ধরনের– প্রত্যক্ষ নির্বাচন ও পরোক্ষ নির্বাচন। নাগরিকরা যখন সরাসরি ভোটে তাদের প্রতিনিধি নির্বাচন করে তখন তাকে প্রত্যক্ষ নির্বাচন বলা হয়। আমাদের দেশে জাতীয় সংসদের সদস্যরা প্রত্যক্ষ নির্বাচন পদ্ধতিতে নির্বাচিত হয়ে থাকেন। কিন্তু রাষ্ট্রপতি জাতীয় সংসদের সদস্যদের মতো প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হন না। বাংলাদেশের রাষ্ট্রপতি জনগণ বা ভোটারদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত সংসদ সদস্যদের ভোটে নির্বাচিত হয়ে থাকেন। অর্থাৎ রাষ্ট্রপতি নির্বাচিত হন পরোক্ষ নির্বাচনে আর তাই বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচনে ফাহিমার বাবা-মা ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন না।

**প্রশ্ন– ২ ▸▸**

বাংলাদেশে সংসদীয় সরকার ব্যবস্থা প্রচলিত। রক্ষমার বাবা দেশে এ জাতীয় সরকার প্রচলনের জন্য 'হ্যাঁ' ভোট দিয়েছিলেন। দেশের গুরুত্বপূর্ণ এ নীতিনির্ধারণী ভোটের পর আজ পর্যন্ত ঐ জাতীয় কোনো নির্বাচন অনুষ্ঠিত হয় নি। তবে তিনি পাঁচ বছর পর পর জাতীয় পর্যায়ে সংসদ নির্বাচনে ভোট দেন। [পাবনা জিলা স্কুল]

ক. বাংলাদেশে জাতীয় পর্যায়ে সাধারণত কত ধরনের নির্বাচন অনুষ্ঠিত হয়? ১
খ. ইউনিয়ন পরিষদের গঠন উল্লেখ কর। ২

গ. রবমার বাবা কোন নির্বাচনে 'হ্যাঁ' ভোট দিয়েছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. পাঁচ বছর পর পর অনুষ্ঠিত জাতীয় পর্যায়ে নির্বাচনটি আমাদের সবচেয়ে গুরবত্বপূর্ণ নির্বাচন— বিশেরষণ কর। ৪

## ২ নং প্রশ্নের উত্তর

**ক** বাংলাদেশে জাতীয় পর্যায়ে সাধারণত তিন ধরনের নির্বাচন অনুষ্ঠিত হয়।


**খ** ইউনিয়ন পরিষদগুলো গ্রামভিত্তিক। প্রতিটি ইউনিয়ন পরিষদে একজন চেয়ারম্যান, নয় জন সাধারণ সদস্য এবং সংরৰিত আসনে তিনজন মহিলা সদস্য থাকেন। সংশিরষ্ট এলাকার নাগরিকদের প্রত্যৰ ভোটে তাঁরা পাঁচ বছরের জন্য নির্বাচিত হন।

**গ** রবমার বাবা জাতীয় পর্যায়ের 'গণভোট' নির্বাচনে ভোট দিয়েছিলেন।

দেশের কোনো গুরবত্বপূর্ণ বা নীতিনির্ধারণী বিষয়ে সরাসরি জনগণের মতামত গ্রহণ বা যাচাইয়ের জন্য গণভোট অনুষ্ঠান করা হয়। এ নির্বাচন অনুষ্ঠানের কোনো নির্দিষ্ট সময় বা মেয়াদ নেই। প্রয়োজন অনুযায়ী যেকোনো সময় এই গণভোট অনুষ্ঠিত হতে পারে। উদ্দীপকে রবমার বাবা দেশে সংসদীয় সরকার ব্যবস্থা প্রচলনের পৰে 'হ্যাঁ' ভোট দেন। জাতীয় এ গুরবত্বপূর্ণ সিদ্ধান্ত প্রমাণ করে তিনি 'গণভোট' এ অংশগ্রহণ করেছিলেন।

**ঘ** পাঁচ বছর পর পর অনুষ্ঠিত উদ্দীপকে নির্দেশিত জাতীয় পর্যায়ের নির্বাচনটি হচ্ছে জাতীয় সংসদ নির্বাচন যা আমাদের জাতীয় পর্যায়ের সবচেয়ে গুরবত্বপূর্ণ নির্বাচন। দেশব্যাপী সকল প্রাপ্তবয়স্ক নাগরিকের সরাসরি ভোটের মাধ্যমে জাতীয় সংসদের ৩০০টি আসনের সদস্য নির্বাচিত হন। এই প্রত্যৰ ভোটে নির্বাচিত সদস্যগণই আবার নিজেরা ভোট দিয়ে জাতীয় সংসদের ৫০টি সংরৰিত মহিলা আসনের সদস্য নির্বাচন করেন। এলাকাভিত্তিক নির্বাচিত হলেও জাতীয় সংসদের এই মোট ৩৫০জন সদস্য সমগ্র দেশের প্রতিনিধিত্ব করেন। তাঁরাই দেশের জন্য আইন প্রণয়ন করেন ও অন্যান্য নীতিনির্ধারণী সিদ্ধান্ত নেন। জাতীয় সংসদ সদস্যদের মধ্য থেকেই সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থনে দেশের সরকার গঠিত হয়। এসব দিক থেকে এটিই জাতীয় পর্যায়ে আমাদের সবচেয়ে গুরবত্বপূর্ণ নির্বাচন।

**প্রশ্ন– ৩ ▸▸**




ক. গণতন্ত্রের মূলকথা কী? ১

খ. নির্বাচনে জয়ী প্রার্থীরা কী করেন? ২

গ. ছকে কোন ধরনের নির্বাচন পদ্ধতি তুলে ধরা হয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. উক্ত নির্বাচন পদ্ধতিতে বাংলাদেশে কোনো নির্বাচন অনুষ্ঠিত হয় কী? বিশেরষণ কর। ৪

## ৩ নং প্রশ্নের উত্তর

**ক** গণতন্ত্রের মূলকথা হলো নাগরিক বা জনসাধারণের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ।

**খ** নির্বাচনে বিজয়ী প্রার্থীরা স্থানীয় ও জাতীয় পর্যায়ে সরকার গঠন, আইন প্রণয়ন ও শাসন পরিচালনায় অংশগ্রহণ করেন। দেশের প্রতিটি পর্যায়ের নির্বাচিত প্রতিনিধিরা নিজ নিজ অবস্থানে দায়িত্ব পালনের মাধ্যমে দেশের উন্নয়নে ভূমিকা রাখেন।

**গ** ছকে পরোৰ নির্বাচন পদ্ধতি তুলে ধরা হয়েছে। এ পদ্ধতিতে নাগরিকরা সরাসরি ভোটে তাদের প্রতিনিধি নির্বাচন করে না। এখানে নির্বাচন হয় দুটি ধাপে যা আমরা ছকে দেখতে পাচ্ছি। প্রথমে নাগরিকরা সরাসরি ভোটে মধ্যবর্তী একটি স্তর বা প্রতিনিধি সংস্থার জন্য সদস্য নির্বাচন করে। তারপর এ প্রতিনিধিরা চূড়ান্ত প্রতিনিধি নির্বাচন করেন। বাংলাদেশে রাষ্ট্রপতি নির্বাচন এবং জাতীয় সংসদের সংরৰিত মহিলা আসনের সদস্য নির্বাচন এ রকম পরোৰ পদ্ধতিতেই হয়ে থাকে। উপরিউক্ত আলোচনার পরিপ্রেৰিতে আমরা সন্দেহাতীতভাবে বলতে পারি, ছকে পরোৰ নির্বাচন পদ্ধতি তুলে ধরা হয়েছে।

**ঘ** হ্যাঁ, বাংলাদেশে রাষ্ট্রপতি নির্বাচন এবং জাতীয় সংসদের সংরৰিত মহিলা আসনের সদস্য নির্বাচনে পরোৰ নির্বাচন পদ্ধতি অনুসরণ করা হয়। এছাড়া জেলা পরিষদ নির্বাচনও পরোৰ পদ্ধতির। পরোৰ নির্বাচন পদ্ধতিতে নাগরিকরা সরাসরি ভোট দিয়ে প্রতিনিধি নির্বাচন করে না। মধ্যবর্তী একটি স্তর নির্বাচনের মাধ্যমে এখানে চূড়ান্ত প্রতিনিধি নির্বাচিত করে। আমাদের দেশের রাষ্ট্রপতি ভোটারদের সরাসরি ভোটে নির্বাচিত হন না। সাধারণ নির্বাচনের সময় নাগরিকরা ভোট দিয়ে জাতীয় সংসদের সদস্য নির্বাচন করেন। এ নির্বাচিত প্রতিনিধিরা তাদের ভোটে রাষ্ট্রপতি নির্বাচন করেন। একইভাবে সংরৰিত মহিলা আসনের সদস্যরা নির্বাচিত সংসদ সদস্যদের ভোটে নির্বাচিত হন। জাতীয় সংসদের নির্বাচিত সদস্যরাই ওই আসনগুলোর জন্য ভোট দিতে পারেন। এছাড়া বাংলাদেশের জেলা পরিষদ নির্বাচনেও পরোৰ নির্বাচন পদ্ধতি পরিলৰিত হয়। তাই বলা যায়, বাংলাদেশের রাষ্ট্রপতি, সংরৰিত মহিলা সদস্য ও জেলা পরিষদের নির্বাচনে পরোৰ নির্বাচন পদ্ধতি প্রয়োগ করা হয়।

**প্রশ্ন– ৪ ▸▸**

জনাব 'ক' সিটিকর্পোরেশনের মেয়র নির্বাচনের একজন প্রার্থী। অন্যান্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সাথে ভালোভাবে প্রতিদ্বন্দ্বী করার জন্য তিনি পোস্টার, স্টীকার, ব্যানার তৈরি, করেন এবং তা নির্বাচনী এলাকায় লাগান।

ক. নির্বাচনে প্রতিদ্বন্দ্বীকারী প্রার্থীর নূ্যনতম বয়স কত হবে? ১

খ. ভোটাধিকার প্রয়োগের ৩টি যোগ্যতা উলেরখ কর। ২

গ. উদ্দীপকে নির্বাচন প্রচারণায় পোস্টার কোন পদ্ধতিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ.উক্ত পদ্ধতিই কি নির্বাচনের একমাত্র পদ্ধতি? যুক্তি দাও। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** প্রার্থীর বয়স নূ্যনতম ২৫ হতে হবে।

**খ** ভোটাধিকার প্রয়োগের ৩টি যোগ্যতা হলো : ১. ভোটারকে সংশিরস্ট দেশের নাগরিক হতে হবে। ২. ভোটারের বয়স ১৮ কিংবা তার বেশি হবে। ৩. অপ্রকৃতিস্থ বা আদালত কর্তৃক দেওলিয়া ঘোষিত হন নাই এমন ব্যক্তি।

**গ** উদ্দীপকটি প্রত্যৰ নির্বাচন পদ্ধতিকে নির্দেশ করে। নির্বাচন পদ্ধতি প্রধানত দুই প্রকার। যথা : প্রত্যৰ নির্বাচন ও পরোৰ নির্বাচন। এর মধ্যে প্রত্যৰ নির্বাচনের গুরবত্ব অত্যধিক। কোনো এলাকা বা রাষ্ট্রের নাগরিকগণ যখন সরাসরি ভোট দিয়ে তাদের প্রতিনিধি নির্বাচন করে তখন তাকে প্রত্যৰ নির্বাচন পদ্ধতি বলা হয়। বাংলাদেশে জাতীয় সংসদের সদস্যরা প্রত্যৰ নির্বাচন পদ্ধতিতে নির্বাচিত হয়ে থাকেন। এছাড়াও স্থানীয় সরকার যেমন : ইউনিয়ন পরিষদের সদস্য ও চেয়ারম্যান, উপজেলা পরিষদের সদস্য ও চেয়ারম্যান, পৌরসভার কাউন্সিলয় ও মেয়র এবং সিটি কর্পোরেশনের কাউন্সিলর ও মেয়র জনগণের প্রত্যৰ ভোটে নির্বাচিত হন। তদ্রবপ উদ্দীপকের জনাব 'ক' সিটি কর্পোরেশনের মেয়র পদপ্রার্থী নির্বাচনের জন্য যে প্রচার মাধ্যম ব্যবহার করেছেন তা প্রত্যৰ নির্বাচন পদ্ধতির বহিঃপ্রকাশ।

**ঘ** না, উক্ত পদ্ধতি অর্থাৎ প্রত্যৰ নির্বাচন পদ্ধতিই নির্বাচনের একমাত্র পদ্ধতি নয়। এছাড়াও আরো একটি পদ্ধতি রয়েছে, সেটি হলো পরোৰ নির্বাচন পদ্ধতি। এ পদ্ধতিতে নাগরিকরা সরাসরি ভোট দিয়ে প্রতিনিধি নির্বাচন করে না। এখানে নির্বাচনটি হয় দুই ধাপে। প্রথমে নাগরিকেরা সরাসরি মধ্যবর্তী একটি স্তর বা প্রতিনিধি সংস্থার জন্য সদস্য নির্বাচন করে। তারপর এই প্রতিনিধিরাই ভোট দিয়ে চূড়ান্ত প্রতিনিধি নির্বাচন করেন। বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচন এবং জাতীয় সংসদের সংরৰিত মহিলা আসনের সদস্য নির্বাচন এ রকম পরোৰ পদ্ধতিতেই হয়ে থাকে। যেমন : আমাদের দেশের রাষ্ট্রপতি জনগণ বা ভোটারদের সরাসরি ভোটে নির্বাচিত হন না। সাধারণ নির্বাচনের সময় নাগরিকরা ভোট দিয়ে জাতীয় সংসদের সদস্য নির্বাচন করেন। এই নির্বাচিত প্রতিনিধিরাই ভোট দিয়ে রাষ্ট্রপতি নির্বাচন করেন। এছাড়াও জাতীয় সংসদের মহিলা সদস্যরাও রাষ্ট্রপতি নির্বাচন পদ্ধতির ন্যায় নির্বাচিত হয়ে থাকেন। সর্বোপরি বলা যায় যে, বাংলাদেশের নির্বাচন পদ্ধতি শুধুমাত্র প্রত্যৰ নির্বাচন পদ্ধতির মধ্যেই সীমাবদ্ধ নয়। এছাড়াও পরোৰ নির্বাচন পদ্ধতি এদেশের অনেক গুরবত্বপূর্ণ নির্বাচনে ভূমিকা রাখে।

**প্রশ্ন- ৫ ▸▸**

মালিয়াট ইউনিয়নের চেয়ারম্যান সানোয়ার সাহেব একমাস হলো মারা গেছেন। এই ইউনিয়নটির সকল প্রকার উন্নয়নমূলক কাজ যেন স্থবির হয়ে পড়েছে। আইন শৃঙ্খলা পরিস্থিতিও দিন দিন অবনতির দিকে ধাবিত হচ্ছে। শুধু তাই নয়; এই ইউনিয়নবাসী সরকারি সাহায্য সহযোগিতা থেকেও বঞ্চিত হচ্ছে।

ক. বাংলাদেশে কোন পদ্ধতিতে নির্বাচন অনুষ্ঠিত হয়?

খ. ভোটদান পদ্ধতি ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে কীসের প্রয়োজনীয়তা উপলব্ধি করা যায়? ব্যাখ্যা কর।

ঘ."উক্ত প্রয়োজনের যথাযথ প্রয়োগই পারে মালিয়াট ইউনিয়নবাসীকে সরকারি সুযোগ সুবিধা প্রদান করতে"– তুমি কি এ বক্তব্যের সাথে একমত? যুক্তি দাও।

**৫ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশে গোপন ভোটদান পদ্ধতিতে নির্বাচন অনুষ্ঠিত হয়।

**খ** ভোটদান পদ্ধতি দুইধরনের হয়ে থাকে যথা– প্রকাশ্য ভোটদান ও গোপন ভোটদান পদ্ধতি। প্রকাশ্য ভোটদান পদ্ধতিতে সরাসরি হাত তুলে বা ধ্বনি ভোটে প্রতিনিধি নির্বাচন করা হয়। এতে সাথে সাথে নির্বাচনের ফলাফল জানা যায়। গোপন ভোটদান ব্যবস্থায় গোপন ব্যালটের মাধ্যমে পছন্দকৃত প্রার্থীকে ভোট দিয়ে পেপারটি নির্দিষ্ট ব্যালট বাক্সে ফেলা হয়। পরবর্তীতে ব্যালট পেপার গণনার মাধ্যমে নির্বাচনের ফলাফল ঘোষণা করা হয়। বাংলাদেশসহ অনেক দেশেই গোপন ভোটদান পদ্ধতিতে নির্বাচন অনুষ্ঠিত হয়ে থাকে।

**গ** উদ্দীপকে নির্বাচনের প্রয়োজনীয়তা উপলব্ধি করা যায়। আধুনিক গণতন্ত্রের অন্যতম ভিত্তি হলো নির্বাচন। নির্বাচন হলো এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে দেশের ভোটাধিকারপ্রাপ্ত নাগরিকেরা তাদের প্রতিনিধি বাছাই করে। নির্বাচন একটি সাংবিধানিক প্রক্রিয়া যার মাধ্যমে ভোটাধিকারপ্রাপ্ত জনগণ সরকারের সার্বিক সহযোগিতায় নির্দিষ্ট এলাকা বা রাষ্ট্রের শাসনকাজ পরিচালনার জন্য প্রার্থী বা প্রতিনিধি বাছাই করে। একজন নির্বাচিত জনপ্রতিনিধি তাঁর এলাকার বা রাষ্ট্রের উন্নয়নের জন্য নানাবিধ পদৰেপ গ্রহণ করে। তাঁর নির্বাচিত এলাকার সমস্যা উদঘাটন ও তার যথাযথ সমাধানকল্পে নির্বাচিত প্রতিনিধি কার্যকর ব্যবস্থা গ্রহণ করে থাকে। নির্বাচিত প্রতিনিধিরাই

জনগণের হয়ে আইন প্রণয়ন ও পরিচালনা করে থাকেন। গণতন্ত্রের মূল কথাই হল সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে প্রতিনিধি নির্বাচন করে তার হাতে ৰমতা হস্তান্তর করা। নির্বাচিত জনপ্রতিনিধি মানুষের কল্যাণেই কাজ করবে। উদ্দীপকে মালিয়াট ইউনিয়নের চেয়ারম্যান সানোয়ার সাহেব মারা যাবার ফলে ঐ ইউনিয়নের শাসন ব্যবস্থা স্থবির হয়ে পড়ে এবং উন্নয়নমূলক কাজ ব্যহত হয়। তাই বোঝা যায়, মালিয়াট ইউনিয়নবাসী তাদের ইউনিয়নের উন্নয়নের লৰ্যে গণতান্ত্রিক প্রক্রিয়ায় নির্বাচনের প্রয়োজনীয়তা উপলব্ধি করে।

**ঘ** নির্বাচন প্রক্রিয়ার যথাযথ প্রয়োগই পারে মালিয়াট ইউনিয়নবাসীকে সরকারি সুযোগ সুবিধা প্রদান করতে"। আমি প্রশ্নোক্ত এ বক্তব্যের সাথে একমত। বর্তমান সময়ে একটি দেশের বা শহরের বা নির্দিষ্ট এলাকার সকল মানুষ একত্রিত হয়ে আইন প্রণয়ন করবে বা দেশ শাসন করবে তা সম্ভব নয়। তাই গণতান্ত্রিক প্রক্রিয়ায় জনপ্রতিনিধি নির্বাচন করতে হয়। প্রতিনিধিরাই জনগণের হয়ে শাসন পরিচালনা করেন। নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে ভোট দিয়ে জনগণ শুধু তাদের প্রতিনিধিই নির্বাচন করে না, কী রকম শাসনব্যবস্থা তারা চায়, কী কী সুযোগ সুবিধা তারা চায় সে সম্পর্কেও তাদের মতামত প্রদান করে। তাই আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্রে নির্বাচনের কোনো বিকল্প নেই। তদ্রবপ মালিয়াট ইউনিয়নেও নির্বাচন জরবরি। কারণ নির্বাচিত জনপ্রতিনিধি জনগণ কর্তৃক নির্বাচিত হয় বিধায় তারা জনগণের অধিকার ও সুযোগ সুবিধার প্রতি নজর দেন। শাসনভার গ্রহণ করে প্রতিনিধি জনগণকে সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করতেও সচেষ্ট হয়। উদ্দীপকের দিকে লৰ্য করলে আমরা দেখতে পাই উলিরখিত ইউনিয়নে নির্বাচিত মেয়র না থাকায় এলাকার সার্বিক উন্নয়ন কার্য ব্যবহৃত হচ্ছে। তাই উন্নয়নমূলক কর্মকান্ডের স্থবিরতা কাটানোর জন্য মালিয়াট ইউনিয়নের জনগণের নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে একজন জনপ্রতিনিধি নির্বাচন করার প্রয়োজনীয়তা অপরিসীম।

**প্রশ্ন- ৬ ▸▸**

আবিদ নবম জাতীয় সংসদ নির্বাচনে প্রথমবারের মতো ভোটাধিকার প্রয়োগ করে। খুব উৎসাহ উদ্দীপনা নিয়ে সে ভোট কেন্দ্রে যায় এবং লাইনে দাঁড়ায়। তারপর প্রিজাইডিং অফিসারের কাছ থেকে ব্যালট পেপার ভোট প্রদানের জন্য নিয়ে সে গোপন কৰে গিয়ে পছন্দের প্রার্থীকে ভোট দিয়ে পেপারটি নির্দিষ্ট বাক্সে ফেলে। কিছুদিন আগে পৌর নির্বাচনে ভোট দিতে না পারার দুঃখটা তার এবার ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে মোচন হলো।

ক. গণতান্ত্রিক রাষ্ট্রে একজন নাগরিকের সবচেয়ে গুরবত্বপূর্ণ রাজনৈতিক অধিকার কোনটি? ১

খ. নির্বাচন কমিশন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে আবিদের ভোটদান পদ্ধতিটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ.পৌর নির্বাচনে আবিদের ভোটাধিকার প্রদান করতে না পারার পিছনে কারণ কী ছিল বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

**৬ নং প্রশ্নের উত্তর**

**ক** ভোটাধিকার প্রয়োগ সবচেয়ে গুরবত্বপূর্ণ রাজনৈতিক অধিকার।

**খ** যে প্রতিষ্ঠান নির্বাচন পরিচালনার দায়িত্বে নিয়োজিত থাকে তাকে বলে নির্বাচন কমিশন। বাংলাদেশেও নির্বাচন পরিচালনা, ভোটার তালিকা প্রণয়ন ও হালনাগাদ করার জন্য একটি নির্বাচন কমিশন রয়েছে। রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত একজন প্রধান নির্বাচন কমিশনার ও কয়েকজন কমিশনার নিয়ে এটি গঠিত। নির্বাচন কমিশনারদের মেয়াদ কর্মে যোগদানের দিন হতে পাঁচ বছর।

**গ** উদ্দীপকে আবিদের ভোটদান পদ্ধতি হলো গোপন ভোটদান পদ্ধতি। প্রতিনিধি নির্বাচনের জন্য ভোটদান প্রক্রিয়া অত্যন্ত গুরবত্বপূর্ণ। বিশেষ করে আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্রে ভোটের অধিকার একজন নাগরিকের সবচেয়ে গুরবত্বপূর্ণ রাজনৈতিক অধিকার। একজন ভোটার নির্বাচনের মাধ্যমে তার মূল্যবান ভোট প্রদান করে জনপ্রতিনিধি নির্বাচন করেন। নির্বাচিত জনপ্রতিনিধি জনগণের উন্নয়নের লৰ্যে কাজ করেন। তাই ভোটদান একটি গুরবত্বপূর্ণ নাগরিক কর্তব্য। ভোটদান প্রক্রিয়া দু'ধরনের হয়ে থাকে, যথা– প্রকাশ্য ভোটদান ও গোপন ভোটদান পদ্ধতি। প্রকাশ্যে ভোটদান পদ্ধতিতে সরাসরি হাত তুলে বা কণ্ঠ ভোটে প্রতিনিধি নির্বাচন করা হয়। এই প্রক্রিয়ায় নির্বাচনের ফলাফল সাথে সাথেই জানা যায়। যেমন : বাংলাদেশের রাষ্ট্রপতি ও স্পীকার নির্বাচন প্রকাশ্যে ভোটদান পদ্ধতিতে করা হয়। অপরদিকে গোপন ভোটদান ব্যবস্থায় গোপন ব্যালটের মাধ্যমে পছন্দকৃত প্রার্থীকে ভোট দিয়ে পেপারটি নির্দিষ্ট ব্যালট বাক্সে ফেলা হয়। পরবর্তীতে ব্যালট পেপার গণনার মাধ্যমে সংখ্যাগরিষ্ঠ ভোটপ্রাপ্ত প্রতিনিধিকে নির্বাচন করা হয়। তদ্রবপভাবে উদ্দীপকের আবিদ তার ভোটাধিকার প্রদান করে। তাই বলা যায়, আবিদের ভোটদান পদ্ধতি হলো গোপনে ভোটদান পদ্ধতি।

**ঘ** আমি মনে করি, পৌর নির্বাচনে আবিদের ভোটাধিকার প্রয়োগ করতে না পারার অন্যতম কারণ ছিল তার বয়স। নির্বাচন একটি সাংবিধানিক প্রক্রিয়া আর ভোটাধিকার প্রদান একজন নাগরিকের গুরবত্বপূর্ণ রাজনৈতিক অধিকার। সাংবিধানিক প্রতিষ্ঠান হিসেবে নির্বাচন কমিশন নির্বাচন প্রক্রিয়া পরিচালনার জন্য কতিপয় বিধি–বিধান ও নীতিমালা গ্রহণ করে। তফসিল ঘোষণা, মনোনয়নপত্র গ্রহণ, যাচাই, নির্বাচনের পদ্ধতি, ভোটাধিকার পদ্ধতি ও ফলাফল প্রদানের ৰেত্রে বিভিন্ন নীতিমালা গ্রহণ করে। তেমনি ভোটদান ও ভোটদানের যোগ্যতা অর্জনের ৰেত্রে কতিপয় নিয়ম রয়েছে। বাংলাদেশে যেকোনো নির্বাচনে ভোটার হতে হলে তাকে প্রথমত বাংলাদেশের নাগরিক হতে হবে। তাকে ১৮ বছর বা তার বেশি বয়সের হতে হবে। সংশিরষ্ট নির্বাচনি এলাকার বাসিন্দা হতে হবে। অপ্রকৃতিস্থ বা আদালত কর্তৃক দেওলিয়া ঘোষিত হন নাই এমন নাগরিক হতে হবে। উপরিউক্ত যোগ্যতার যেকোনো একটি অনুপস্থিত থাকলে ব্যক্তি ভোটাধিকার প্রয়োগের ৰেত্রে অযোগ্য বলে বিবেচিত হবেন। তেমনি উদ্দীপকের আবিদ সংসদ নির্বাচনে প্রথমবারের মতো ভোটাধিকার প্রয়োগ করে। তার মানে তার বয়স এখন ১৮ বছর হয়েছে। কিছুদিন আগে অনষ্ঠিত; হওয়া পৌরনির্বাচনে সে ভোট দিতে পারেনি; কারণ তখন তার বয়স ১৮ বছরের কম ছিল। পরিশেষে বলা যায়, আবিদের ভোটাধিকার প্রয়োগের একটি যোগ্যতা বয়স কম হওয়ার কারণে সে পৌর নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করতে পারেনি।

**প্রশ্ন– ৭ ▸▸**

জনাব লিয়াকত আলি ‘ক’ দেশের রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত একজন প্রধান নির্বাচন কমিশনার। সুষ্ঠু নির্বাচন পরিচালনার জন্য আরও কয়েকজন কমিশনার নিয়ে নির্বাচন কমিশন গঠন করা হয়। জাতীয় ও স্থানীয় পর্যায়ের নির্বাচন পরিচালনার জন্য এটি বিভিন্ন গুরবত্বপূর্ণ কাজ করে থাকে। কমিশনারদের পাঁচ বছরের জন্য নিয়োগ দেয়া হয়।

ক. বাংলাদেশের সব ধরনের নির্বাচন পরিচালনার দায়িত্ব কার? ১

খ. নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতার নিয়ম ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনার লিয়াকত আলি জাতীয় ও স্থানীয় পর্যায়ের নির্বাচন পরিচালনার জন্য যেসব কাজ করবেন তার ব্যাখ্যা দাও। ৩

ঘ.তুমি কি মনে কর নির্বাচনি আচরণবিধি নির্ধারণও নির্বাচন কমিশনের কাজের অংশ? মতামত দাও। ৪

**৭ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশের সব ধরনের নির্বাচন পরিচালনার দায়িত্ব নির্বাচন কমিশনের।

**খ** ভোটদান যেমন রাজনৈতিক অধিকার। তেমনি নির্বাচনে নাগরিকদের প্রতিদ্বন্দ্বীতা করার অধিকারও একটি রাজনৈতিক অধিকার। নির্বাচন পরিচালনার অংশ হিসেবে নির্বাচন কমিশন নাগরিকদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য বিভিন্ন বিধি আরোপ করে। যেমন : প্রতিদ্বন্দ্বী প্রার্থীর বয়স ২৫ এবং বাংলাদেশী নাগরিক হতে হবে। এরূ প কতিপয় নিয়ম ও শর্ত পালনের মাধ্যমে একজন নাগরিককে নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করতে হয়।

**গ** জনাব লিয়াকত আলি একজন নির্বাচন কমিশনার হিসেবে তার প্রধান কাজ হলো জাতীয় ও স্থানীয় পর্যায়ের বিভিন্ন নির্বাচন পরিচালনা করা। নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য জনাব লিয়াকত আলিকে নির্বাচন সংশিরষ্ট অনেক কাজ সম্পাদন করতে হয়। নির্বাচন কমিশনের প্রথম কাজ হলো ভোটার তালিকা প্রণয়ন ও হালনাগাদকরণ। দেশের নাগরিকদের মধ্যে যাদের বয়স ১৮ বা তার বেশি তাদের তালিকা প্রণয়ন করা। সকল নির্বাচন ও উপনির্বাচন পরিচালনা করা। প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নির্বাচনি প্রতীক বরাদ্ধ করা। নির্বাচনি এলাকার সীমানা নির্ধারণ। সারাদেশে ভোটকেন্দ্র স্থাপন। নির্বাচনি আচরণবিধি তৈরি। ব্যালট পেপার মুদ্রণ। ব্যালট বাক্য প্রস্তুত। নির্বাচনি আচরণবিধি যথাযথ প্রয়োগের মাধ্যমে বাস্তবায়ন। ভোট গ্রহণ, গণনা ও ফলাফল প্রকাশ করা। নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিরোধ নিষ্পত্তি করাও নির্বাচন কমিশনের কাজ। উপরিউক্ত এ সকল পদৰেপগুলো গ্রহণ করার মাধ্যমে নির্বাচন কমিশন যেকোনো নির্বাচন সঠিকভাবে পরিচালনা করতে পারে। উদ্দীপকে প্রধান নির্বাচন কমিশনার জনাব লিয়াকত আলি নির্বাচন কমিশনের প্রধান হিসেবে উপরিউক্ত কার্যাবলিগুলো ধাপে ধাপে গ্রহণ ও সম্পাদনের মাধ্যমে স্থানীয় ও জাতীয় পর্যায়ের যেকোনো নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে পরিচালনা করতে সৰম হবে।

**ঘ** হ্যাঁ, আমি মনে করি নির্বাচনি আচরণবিধি নির্ধারণ করাও নির্বাচন কমিশনের কাজ। সাংবিধানিক কাজের অংশ হিসেবে সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনা করা নির্বাচন কমিশনের অন্যতম কাজ। তাই নির্বাচন কমিশনের একটি অন্যতম কাজ নির্বাচনি আচরণবিধি তৈরি করা। সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনার স্বার্থে এটি করা হয়। কারণ স্বাভাবিক ও শান্তিপূর্ণ আইনশৃঙ্খলা পরিস্থিতি অবাধ ও সুষ্ঠু নির্বাচনের পূর্বশর্ত। এ লৰ্যে নির্বাচন কমিশন ও নির্বাচনের সময় নাগরিকরা কী ধরনের আচরণ করবে তার একটি নীতিমালা তৈরি করে দেয়। একেই বলে নির্বাচনি আরচণবিধি। নির্বাচন কমিশন কর্তৃক আচরণবিধি হলো– মনোনয়নপত্র জমা দেয়ার সময় সমাবেশ ও মিছিল করা যাবে না। দেয়ালে বা অন্য কোথাও কোনো কিছু লেখা বা পোস্টার লাগানো যাবে না। রশিতে পোস্টার বা পৱাকার্ড লাগানো যাবে। রাস্তায় জনসভা করা যাবে না। প্রচারের জন্য আলোকসজ্জা বা গেট দেয়া যাবে না। মোটর সাইকেল বা কোনো যানবাহনে মিছিল করা যাবে না। নির্বাচনি ক্যাম্পে ভোটারদের কোনো উপহার, খাদ্য বা পানীয় পরিবেশন করা যাবে না। উপরিউক্ত বিধিসমূহ নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত হয় সুষ্ঠু নির্বাচনের জন্য তাই বলা যায়, নির্বাচনি আচরণবিধি নির্ধারণ নির্বাচন কমিশনের কাজের অংশ।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৮ ▸▸**

**ঘটনা–১ :** গোবিন্দপুর হাইস্কুল কমিটির সদস্য হওয়ার জন্য অনেকে প্রার্থী হয়েছেন। এমতাবস্থায় প্রধান শিৰক বললেন, অভিভাবকদের ভোটে যারা বিজয়ী হবেন তারাই কেবল কমিটির সদস্য হবেন।

**ঘটনা–২ :** যখন অভিভাবকদের ভোটে কমিটির ১০ জন সদস্য নির্বাচিত হলেন– তখন আবার প্রধান শিৰক বললেন ১০ জন সদস্যের ভোটে হাইস্কুলের সভাপতি নির্বাচিত হবেন।

ক. নির্বাচন পদ্ধতি প্রধানত কয় ধরনের? ১

খ. উপনির্বাচন কী? ব্যাখ্যা কর। ২

গ. ঘটনা–১ এ কোন ধরনের নির্বাচনের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? বর্ণনা কর। ৩

ঘ. ঘটনা ১ ও ঘটনা–২ এর নির্বাচনের মধ্যকার পার্থক্য আলোচনা কর। ৪

**৮ নং প্রশ্নের উত্তর**

**ক** নির্বাচন পদ্ধতি প্রধানত দুই ধরনের।

**খ** নির্বাচিত কোনো সদস্য মারা গেলে, পদত্যাগ করলে কিংবা অন্য কোনো কারণে পদ শূন্য হলে উক্ত পদ পুনরায় নির্বাচন অনুষ্ঠান করে নতুন সদস্য বা জনপ্রতিনিধি নির্বাচন করতে হয়। একেই উপনির্বাচন বলে। উপনির্বাচন জাতীয় ও স্থানীয় উভয় পর্যায়েই হতে পারে।

***X-clusive লিংক** : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** প্রত্যৰ নির্বাচন পদ্ধতি বর্ণনা কর।

**ঘ** প্রত্যৰ ও পরোৰ নির্বাচন পদ্ধতির পার্থক্যসমূহ আলোচনা কর।

**প্রশ্ন– ৯ ▸▸**

কামাল অনার্স ১ম বর্ষে পড়ে। সে এখন ১৮ বছরের যুবক। তার শিৰক হালিম পাটোয়ারী তাকে ডেকে বলেন, তুমি কি ভোটার হয়েছ? সে বলে না। তখন শিৰক বলেন, তুমি এখন বাংলাদেশের সুযোগ্য নাগরিক, তুমি ভোটার হলে জাতীয় ও স্থানীয় পর্যায়ের অনেকগুলো নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করতে পারবে।

ক. বাংলাদেশে কোনটি সবচেয়ে গুরৰত্বপূর্ণ নির্বাচন? ১

খ. নির্বাচনকে আধুনিক গণতন্ত্রের ভিত্তি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে উলেরখিত জাতীয় পর্যায়ের নির্বাচনের স্বরূ প বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উলেরখিত স্থানীয় পর্যায়ের নির্বাচন সম্বন্ধে তোমার বক্তব্য তুলে ধর। ৪

**৯ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশের সবচেয়ে গুরৰত্বপূর্ণ নির্বাচন হলো জাতীয় সংসদ নির্বাচন।

**খ** গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় নির্বাচন হলো নিয়মিত ও দীর্ঘমেয়াদী রাজনৈতিক ব্যবস্থা। নির্বাচন ছাড়া গণতান্ত্রিক শাসনব্যবস্থা ভাবা যায় না। মূলত নির্বাচন হলো প্রতিনিধি বাছাইয়ের একটি প্রক্রিয়া বা মাধ্যম। নির্বাচনের মাধ্যমে দেশে সুষ্ঠু জনমতের প্রতিফলন ঘটে থাকে। আর কেবলমাত্র নির্বাচনের মাধ্যমেই জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ঘটে ও গণতন্ত্রের ভিত মজবুত হয়।

***X-clusive লিংক** : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** জাতীয় পর্যায়ের নির্বাচন পদ্ধতি বর্ণনা কর।

**ঘ** স্থানীয় পর্যায়ের নির্বাচন পদ্ধতি আলোচনা কর।

**প্রশ্ন– ১০ ▸▸**

ভোট দাতা → সরাসরি ভোট প্রদান → নির্বাচিত প্রতিনিধি

ক. গণতন্ত্রের মূলকথা কী? ১

খ. পৌরসভার গঠন বর্ণনা কর। ২

গ. উদ্দীপকে নির্বাচনের কোন পদ্ধতিটি ফুটে উঠেছে ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের স্থানীয় পর্যায়ের নির্বাচনে উক্ত পদ্ধতিটি অনুসৃত হয়– বিশেরষণ কর। ৪

**১০ নং প্রশ্নের উত্তর**

**ক** জনসাধারণের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ।

**খ** পৌরসভা শহরভিত্তিক সরকার কাঠামো। দেশে বর্তমানে ৩২৫টি পৌরসভা আছে। একজন মেয়র, কয়েকজন কমিশনার ও সংরৰিত মহিলা আসনের কয়েকজন কমিশনার নিয়ে পৌরসভা গঠিত হয়। আর তাঁরা সবাই সংশিরষ্ট পৌরসভায় বসবাসরত নাগরিক বা ভোটারদের ভোটে পাঁচ বছরের জন্য নির্বাচিত হন।

***X-clusive লিংক** : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** প্রত্যৰ নির্বাচন পদ্ধতি বর্ণনা কর।

**ঘ** স্থানীয় সরকার নির্বাচনে প্রত্যৰ নির্বাচন পদ্ধতি ব্যবহৃত হয়– আলোচনা কর।

**প্রশ্ন– ১১ ▸▸**

'X' দেশের নির্বাচনে জনাব 'A' ভোটদাতাদের রায়ে এগিয়ে ছিলেন। কিন্তু দ্বিতীয়বার নির্বাচনে মধ্যবর্তী সংস্থা কর্তৃক তিনি প্রত্যাখ্যাত হন। ফলে চূড়ান্তভাবে জনাব 'A' নির্বাচিত হতে পারেননি।

ক. নির্বাচন কী? ১

খ. গণভোট কেন অনুষ্ঠিত হয়? ২

গ. ‘X’ দেশের নির্বাচন পদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত পদ্ধতি আমাদের দেশের জন্য উপযুক্ত নয়– বিশেরষণ কর। ৪

**১১ নং প্রশ্নের উত্তর**

**ক** জনমত প্রকাশের প্রধান ও বিধিসম্মত প্রক্রিয়া।

**খ** দেশের কোনো গুরবত্বপূর্ণ বা নীতিনির্ধারণী বিষয়ে সরাসরি জনগণের মতামত গ্রহণ বা যাচাইয়ের জন্য গণভোট অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ নির্বাচন অনুষ্ঠানের কোনো নির্দিষ্ট সময় বা মেয়াদ নেই। প্রয়োজন অনুযায়ী যেকোনো সময় এই গণভোট অনুষ্ঠিত হতে পারে।

***X-clusive* লিংক :** *প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** পরোৰ নির্বাচন পদ্ধতি পর্যালোচনা কর।

**ঘ** বাংলাদেশের প্রেৰাপটে পরোৰ নির্বাচন পদ্ধতির গ্রহণযোগ্যতা আলোচনা কর।

**প্রশ্ন–১২**

